

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
প্লট-ই, ১৩বি, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭  
ইমেইল: info@pppo.gov.bd, ওয়েব: www.pppo.gov.bd



**পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক স্টেকহোল্ডারগণের**

**সমন্বয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় অবহিতকরণ সভার কার্যবিবরণী:**

|            |   |                                                                            |
|------------|---|----------------------------------------------------------------------------|
| সভাপতি     | : | ড. মোঃ মুশফিকুর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), পিপিপি কর্তৃপক্ষ। |
| সভার স্থান | : | সভাকক্ষ, পিপিপি কর্তৃপক্ষ                                                  |
| সভার তারিখ | : | ৩০ নভেম্বর ২০২৩ খ্রিঃ                                                      |
| সভার সময়  | : | বেলা ৩:০০ টা                                                               |
| উপস্থিতি   | : | পরিশিষ্ট-ক                                                                 |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পিপিপি কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় অবহিতকরণ সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকলকে জানান যে, পিপিপি কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর কর্মসম্পাদন সূচক ১.২.১ অনুযায়ী স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ৪টি অবহিতকরণ সভা আয়োজনের নির্দেশনা রয়েছে এবং ইতোমধ্যে একটি সভা আয়োজিত হয়েছে। অতঃপর তিনি সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক (পি এন্ড আইপি) কে অনুরোধ জানান।

২। সভাপতির অনুমতিক্রমে মহাপরিচালক (পিএন্ডআইপি) জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৩-২০২৪ অর্থবছরের বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন, পিপিপি কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন করার লক্ষ্যে সুষ্ঠুভাবে কর্ম বন্টন করা হয়েছে। পিপিপি কর্তৃপক্ষের পরিচালকগণ নিজ নিজ কর্ম বন্টন অনুযায়ী সেবা প্রদান করছে এবং সেবার মান উন্নতীকরণে কাজ করে যাচ্ছে। এ বিষয়ে আলোচনা করার জন্য পরিচালক (আইপি)-কে অনুরোধ জানান।

৩। পিপিপি কর্তৃপক্ষের পরিচালক (আইপি) জানান যে, সিটিজেনস চার্টার সংক্রান্ত কর্মপরিকল্পনা অনুসারে ২য় ত্রৈমাসিকে হালনাগাদ করা হয়েছে এবং এ সংক্রান্ত প্রমাণক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তাছাড়া, বিভিন্ন মন্ত্রণালয় হতে নির্ধারিত পিপিপি প্রকল্প প্রস্তাব ফরম পূরণপূর্বক পিপিপি কর্তৃপক্ষে প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হলে তা সিটিজেনস চার্টারে উল্লিখিত ০৯ কর্মদিবসের মধ্যে স্কিনিং কমিটির সভার মাধ্যমে উক্ত প্রকল্প স্কিনিং সম্পাদন করা হচ্ছে। এক্ষেত্রে পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অফিসের বাইরে ব্যানার আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে যাতে করে সেবা গ্রহীতা সেবা চিহ্নিত করণে এবং সেবা গ্রহণে কোন সমস্যার সন্মুখীন না হয়।

৪। সভায় উপস্থিত রেলপথ মন্ত্রণালয় হতে আগত প্রতিনিধি জানান যে, পিপিপি কর্তৃপক্ষে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ সিটিজেনস চার্টারে উল্লিখিত সেবাসমূহ দায়িত্বশীলতার সাথে পালন করে যাচ্ছে। তিনি আরো জানান যে, রেলওয়ে প্রকল্পসমূহে নিয়োগ টিএ এর কার্যক্রম পিপিপি কর্তৃপক্ষ দ্বারা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং টিএ কর্তৃক দাখিলকৃত বিভিন্ন সমীক্ষা প্রতিবেদনের বিপরীতে খুব দ্রুততার সাথে পিপিপি কর্তৃপক্ষে সভাকক্ষে সভার আয়োজন করা হয়ে থাকে।

৫। অতঃপর, সভাপতি সভাকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক পিপিপি কর্তৃপক্ষের সিটিজেনস চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং সেবা গ্রহীতার সন্তুষ্টির কথা চিন্তা করে সেবার মান আরো বৃদ্ধি করতে হবে। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত

- ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকৃত সিটিজেন চার্টার পিপিপি কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং হালনাগাদকৃত সিটিজেন চার্টার ব্যানার আকারে প্রকাশ করতে হবে।
- পিপিপি কর্তৃপক্ষের সকল কর্মকর্তা কর্তৃক সেবা গ্রহীতার কাছ থেকে সিটিজেন চার্টারে উল্লিখিত সেবা সমূহের বিপরীতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে সেবার মান উন্নতিকরণে চেষ্টা করতে হবে।
- পিপিপি কর্তৃপক্ষের বিভিন্ন শাখার আওতাধীন সেবা সমূহ প্রদানে কার্যক্রম আরো ত্বরান্বিত করতে হবে এবং সেবার মান যাচাই ও সেবা গ্রহীতার সন্তুষ্টি উপলব্ধিপূর্বক সিটিজেন চার্টারের কার্যক্রম চলমান রাখতে হবে।
- সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা যথাসময়ে করতে হবে।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/১২/২০২০  
ড. মোঃ মুশফিকুর রহমান —  
প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)  
পিপিপি কর্তৃপক্ষ

নং- ০৩.১১.০০০০.৮৫৯.০৫.০০৮.২২- ২৬৪৩

২৬ অগ্রহায়ণ ১৪৩০  
১১ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (সকল), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা;
২. পরিচালক (প্রশাসন), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা;
৩. পরিচালক (অর্থ), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা;
৪. পরিচালক (পিএমএফ), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা;
৫. পরিচালক (আইপি), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

১. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)-এঁর একান্ত সচিব, পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
২. অফিস কপি

১১/১২/২০২০  
মোহাম্মদ আবদুল আওয়াল  
পরিচালক (আইপি)  
পিপিপি কর্তৃপক্ষ